

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর, যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

স্মারক নং - ৩৪.০১.০০০০.০২৮.২৩.০০২.২০-৬৬

তারিখ: ০৬/১০/২০২০খ্রি।

বিষয়: যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক প্রশিক্ষণপ্রাপ্ত যুবদেরকে কর্মসংস্থান ব্যাংক হতে 'বঙ্গবন্ধু যুবঋণ' কর্মসূচি থেকে ঋণ গ্রহণে সহায়তা প্রদান।

সূত্র: যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৪.০০.০০০০.০৬০.৯৯.০০১.১৮-২৪ তারিখ- ২৯/০১/২০২০খ্রি.

বাংলাদেশের স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্ম শতবার্ষিকী উপলক্ষ্যে এ দেশের বেকার যুবদের কর্মসংস্থান সৃষ্টি ও দারিদ্র বিমোচনের উদ্দেশ্যে প্রশিক্ষণপ্রাপ্ত বেকার যুবদের জাতীয় অর্থনৈতিক উন্নয়নে সম্পৃক্ত করার লক্ষ্যে বঙ্গবন্ধুর সোনার বাংলা বিনির্মাণের নিমিত্ত কর্মসংস্থান ব্যাংক কর্তৃক 'বঙ্গবন্ধু যুবঋণ' কর্মসূচি গ্রহণ করা হয়েছে। 'বঙ্গবন্ধু যুবঋণ' কর্মসূচির মাধ্যমে ৯% সরল সুদে ০২ (দুই) লক্ষ প্রশিক্ষণপ্রাপ্ত বেকার যুবদের জনপ্রতি গড়ে ১.৫০ লক্ষ টাকা হিসাবে ৩০০০ (তিন হাজার) কোটি টাকা ঋণ বিতরণের কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে। যুব উন্নয়ন অধিদপ্তরের প্রশিক্ষণপ্রাপ্ত যুবরা 'বঙ্গবন্ধু যুবঋণ' কর্মসূচি থেকে ঋণ সুবিধা গ্রহণ করে যাতে অধিক হারে আত্মকর্মী হতে পারে সে লক্ষ্যে প্রতি জেলার উপ-পরিচালক তার জেলায় অবস্থিত সকল কর্মসংস্থান ব্যাংকের শাখা ব্যবস্থাপক, যুব উন্নয়ন কর্মকর্তার সমন্বয়ে সভা করে বঙ্গবন্ধু যুব ঋণ কর্মসূচির মাধ্যমে মাসভিত্তিক ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা (জন ও টাকায়) নির্ধারণ ও পর্যায়ক্রমে বাস্তবায়ন করবেন।

এলক্ষ্যে: ক) ব্যাংকের আওতাধীন উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাগণ পরিকল্পনা মাসিক ঋণ প্রত্যাশীদের তালিকা প্রণয়ন করে ব্যাংকে পাঠাবেন।


খ) কর্মসংস্থান ব্যাংক কর্তৃক গৃহিত 'বঙ্গবন্ধু যুবঋণ' কর্মসূচি হতে ঋণ সুবিধা প্রাপ্তিতে প্রশিক্ষণপ্রাপ্ত যুবদের সকল প্রকার সহযোগিতা প্রদান করবেন।

গ) জেলা- উপজেলার সকল কর্মকর্তা/কর্মচারী এবং প্রশিক্ষণপ্রাপ্ত যুবদেরকে 'বঙ্গবন্ধু যুবঋণ' কর্মসূচি সম্পর্কে ব্যাপক অবগতকরণ; প্রতিমাস শেষে কর্মসংস্থান ব্যাংক হতে পূর্বমাসে যাদেরকে ঋণ দেয়া হয়েছে তাদের তালিকা (সংশ্লিষ্ট তথ্যসহ) সংরক্ষণ ১৭/০৯/২০১৯ তারিখের ৩৪.০১.০০০০.০২৮.৪৮.০৫৫.১৩-৩৫৬ নং পত্রের নির্দেশনা মাসিক প্রকল্প তদারকি করবেন।

ঘ) কর্মসংস্থান ব্যাংক কর্তৃক গৃহিত 'বঙ্গবন্ধু যুবঋণ' কর্মসূচি হতে যুব উন্নয়ন অধিদপ্তরের প্রশিক্ষণপ্রাপ্ত যুবদের মধ্য হতে ঋণ সুবিধাপ্রাপ্ত যুবদের তথ্য (অনুচ্ছেদ 'গ' মাসিক সংরক্ষিত রেজিস্টারে তথ্যের ভিত্তিতে) ত্রৈমাসিকভাবে নির্ধারিত ছকে (বিদ্যমান ছকে) প্রধান কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করবেন।

ঙ) প্রতি প্রাপ্তিকে একবার উপ-পরিচালক দ্বিপক্ষীয় একটি সভা আহ্বান করে কর্মপরিকল্পনা মাসিক অগ্রগতি পর্যালোচনা করবেন এবং কর্মপরিকল্পনা বাস্তবায়নে কার্যকরী ব্যবস্থা নেবেন। সভার কার্যবিবরণী প্রধান কার্যালয়ে পাঠাবেন।

০২। যুব উন্নয়ন অধিদপ্তরের প্রশিক্ষণপ্রাপ্ত যুবদের কর্মসংস্থান ব্যাংক কর্তৃক গৃহিত 'বঙ্গবন্ধু যুবঋণ' কর্মসূচি হতে ঋণ সহায়তা দেয়ার লক্ষ্যে 'বঙ্গবন্ধু যুবঋণ নীতিমালা' টি যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েব সাইটে (www.dyd.gov.bd) সংযোজন করা হলো।

 ০২.১০.২০২০

(মো: জা: হামিদ খান)

উপপরিচালক (দা:বি:ওঋণ)

১। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, (সকল) জেলা।

২। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা (সকল) উপজেলা জেলা।

স্মারক নং - ৩৪.০১.০০০০.০২৮.২৩.০০২.২০-৬৬

তারিখ: ০৬/১০/২০২০খ্রি।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

০১. পরিচালক (সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০২. স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

০৩. সহকারী পরিচালক, আইসিটি, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা-কে ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

০৪. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০৫. দপ্তর নথি।

 ০২/১০/২০

(নূর মোহাম্মদ)

সহকারী পরিচালক(দা. বি. ও ঋণ)